

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৪৫.০০.০০০০.১৫৫.৯৯.০০৮.১৮-১১৪৯

তারিখঃ ২৯-১১-২০১৮ খ্রিঃ


বিষয়ঃ মহান বিজয় দিবস, ২০১৮ উদযাপন উপলক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচি

উপর্যুক্ত বিষয়ে মহান বিজয় দিবস, ২০১৮ যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক নিম্নরূপ কর্মসূচি গ্রহণ করা হয়েছে:

বিশেষ স্বাস্থ্য সেবা সপ্তাহ (১০ ডিসেম্বর হতে ১৬ ডিসেম্বর, ২০১৮):

ক্রমিক নং	কর্মসূচি	স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহ	বাস্তবায়নে
১	দেশের সকল কমিউনিটি ক্লিনিকে শিশু ও গর্ভবতী মায়াদের স্বাস্থ্য পরীক্ষা	কমিউনিটি ক্লিনিক	সিভিল সার্জন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
২	দৈনন্দিন সেবার পাশাপাশি গর্ভবতী মাসহ জনসাধারণের রক্তের গুণ নিরীক্ষণ এবং ডাটাবেইজ প্রস্তুতকরণ	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স	সিভিল সার্জন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
৩	বহির্বিভাগে দৈনন্দিন সেবার পাশাপাশি বিনামূল্যে চক্ষু পরীক্ষা ও চিকিৎসা সেবা প্রদান	জেলা সদর হাসপাতাল	তত্ত্বাবধায়ক, সিভিল সার্জন
৪	দৈনন্দিন সেবার পাশাপাশি জরায়ু ক্যান্সার প্রতিরোধে ৯-১৩ বছর বয়সী মেয়েদের বিনামূল্যে ভ্যাকসিন প্রদান	মেডিকেল কলেজ হাসপাতাল	পরিচালক
৫	সকল বিশেষায়িত হাসপাতালে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ সেবা প্রদান	বিশেষায়িত হাসপাতাল	পরিচালক

- (ক) ৫ ডিসেম্বর, ২০১৮ হতে বিশেষ স্বাস্থ্য সেবা সপ্তাহের প্রচার প্রচারণা চালাতে হবে। কর্মসূচি সফল করার লক্ষ্যে দপ্তর প্রধানগণ কমিটি গঠন করবেন এবং মন্ত্রণালয়কে অবহিত করবেন।
- (খ) জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় রেখে বিজয় দিবসে দেশের সকল সরকারি হাসপাতালে উন্নতমানের খাবার পরিবেশন করতে হবে।
- (গ) মহান বিজয় দিবস, ২০১৮ উদযাপন উপলক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক গৃহীত বিশেষ স্বাস্থ্য সেবা সপ্তাহ/কর্মসূচিতে সেবা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত চিকিৎসকদের তালিকা প্রস্তুত করতে হবে এবং তা মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর বরাবর প্রেরণ করতে হবে।
- (ঘ) ২০ ডিসেম্বরের মধ্যে সকল দপ্তর প্রধানগণ স্বাস্থ্য সেবা বিভাগে সচিত্র প্রতিবেদন প্রেরণ করবেন।
- (ঙ) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর এবং অধীনস্থ দপ্তরসমূহ থেকে গৃহীত কর্মসূচি বাস্তবায়নের বিষয়টি তদারকি করতে হবে।
- ০২। গৃহীত কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী)
উপসচিব
ফোনঃ ৯৫৫৬৯৮৯
Ghm1@hsd.gov.bd

বিতরণ:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (গৃহীত কর্মসূচি বাস্তবায়ন নিশ্চিতকরণের অনুরোধসহ)।
- ২। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল----- (সকল)
- ৩। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল----- (সকল)
- ৪। তত্ত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল----- (সকল)
- ৫। সিভিল সার্জন----- (সকল)
- ৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা----- (সকল)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। উপসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।